বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ শ্রাবণ, ১৪০৮/১ আগস্ট, ২০০১

এস,আর,ও নং ২১৫ আইন/২০০১—Bangladesh Merchant Shipping Ordinance,1983 (Ord. No. XXVI of 1983) এর section 104এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

### অংশ-১ ঃ সাধারণ

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ সমুদ্র পরিবহন (নাবিক নিয়োগ) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ord. No. XXVI of 1983);

(খ) "অধিদপ্তর" অর্থ সমুদ্র পরিবহন অধিদপ্তর;

(গ) "কলকার্ড" অর্থ নাবিকদের চাকুরীতে নিয়োগের লক্ষ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণের আমন্ত্রণপত্র;

(ঘ) "কোম্পানী রোস্টার" অর্থ বিধি ১৫ এর অধীন রক্ষিত রোস্টার;



মূল্য ঃ টাকা ৩.০০

(ঙ) "মহাপরিচালক" অর্থ অধ্যাদেশের section 4 এর অধীন নিয়োগ প্রাপ্ত Director General এবং তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উক্ত অধিদপ্তরের কোন কর্মকর্তা;

(চ) "চিকিৎসা কর্তৃপক্ষ" অর্থ বন্দর স্বাস্থ্য কর্মকর্তা;

(ছ) "জাহাজ মালিক" অর্থ জাহাজের কোন মালিক এবং জাহাজ মালিকের যে কোন এজেন্ট বা প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(জ) "বোর্ড" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত নাবিক নিয়োগ বোর্ড;

(ঝ) "রোষ্টার" অর্থ বিধি ১৪-এ উল্লেখিত রোষ্টার;

(ঞ) "শিপিং অফিস" অর্থ সরকারী সমুদ্র পরিবহন অফিস

(ট) "শিপিং মাষ্টার" অর্থ অধ্যাদেশের section 2(49) এ উল্লেখিত কর্মকর্তা;

(ঠ) "সিডিসি/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্ট" অর্থ বিধি ১৩(১) এ বর্ণিত ধারাবাহিক নিষ্কৃতি সনদ বই/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্ট (Continuous Discharge Certificate/Seamen Book/Seamen Document)।

## অংশ-২ ঃ নাবিক নিয়োগ বোর্ড

৩। নাবিক নিয়োগ বোর্ড।—(১) এই বিধিমালা প্রবর্তনের পর, যথাশীঘ্র সম্ভব, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিম্নবর্ণিত শ্রেণীর সদস্য সমন্বয়ে একটি অথবা প্রয়োজনে একাধিক নাবিক নিয়োগ বোর্ড গঠন করিবে, যথা ঃ—

(ক) সরকারের প্রতিনিধি;

(খ) জাহাজ (দেশী ও বিদেশী) মালিকগণের প্রতিনিধি; এবং

(গ) নাবিকগণের প্রতিনিধি।

(২) বোর্ডের সদস্য সংখ্যা সরকার কর্তৃক নির্ধারিত হইবে এবং প্রত্যেক শ্রেণীর সমান সংখ্যক প্রতিনিধি সদস্য হইবে।

(৩) জাহাজ মালিক ও নাবিকগণের প্রতিনিধিগণ, যথাক্রমে, জাহাজ মালিক ও নাবিকগণের প্রতিনিধিত্বকারী সংস্থাসমূহের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবেন।

(৪) সরকার উহার প্রতিনিধিত্বকারী সদস্যগণের মধ্য হইতে বোর্ডের সভাপতি নিয়োগ করিবে এবং, প্রয়োজনবোধে, অন্যান্য সদস্যের মধ্য হইতে একজন সহ-সভাপতি নিয়োগ করিতে পারিবে।

(৫) কেবলমাত্র বোর্ডে বিদ্যমান শূন্যপদ অথবা উহার গঠনের কোন ত্রুটির কারণে বোর্ডের কোন সিদ্ধান্ত বা কার্যক্রম বাতিল বলিয়া গণ্য হইবে না।

অংশ-৩ ঃ নিবন্ধন

৪। নাবিক নিয়োগ।—এই বিধিমালার অধীন কোন ব্যক্তি নাবিক হিসাবে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) শিপিং অফিসে নিবন্ধন প্রাপ্ত না হন; এবং

(খ) তাঁহার নামে সিডিসি/সীম্যান ডকুমেন্ট ইস্যু করা না হয়।

৫। নিবন্ধন।—কোন ব্যক্তি নিবন্ধন প্রাপ্তির যোগ্য বিবেচিত হইবেন না, যদি—

(ক) তিনি বৈধ সিডিসি/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্টধারী না হন;

(খ) চিকিৎসা কর্তৃপক্ষ এই মর্মে প্রত্যয়ন না করে যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(গ) তাঁহার বয়স বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বয়সসীমার মধ্যে না হয়।

৬। নিবন্ধনের জন্য আবেদন।—নবীন নাবিকদের নিবন্ধনের জন্য আবেদনপত্র বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে এবং তৎকর্তৃক নির্ধারিত কাগজপত্রসহ নাবিক প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষের মাধ্যমে শিপিং মাষ্টারের নিকট দাখিল করিতে হইবে।

৭। আবেদনপত্র অনুমোদন।—নিবন্ধনের জন্য দাখিলকৃত সকল আবেদনপত্র শিপিং অফিস পরীক্ষা করিয়া দেখিবে এবং আবেদনকারী বিধি ৫ ও ৬ এর শর্তসমূহ সন্তোষজনকভাবে পূরণ করিলে আবেদনপত্র প্রাপ্তির ১৫(পনের) কর্মদিবসের মধ্যে নিবন্ধনের জন্য আবেদনপত্র অনুমোদন করিবে এবং সংশ্লিষ্ট প্রার্থীকে সেই মর্মে অবহিত করিবে।

৮। আবেদনপত্র নাকচ।—আবেদনকারী বিধি ৫ ও ৬ এর শর্তসমূহ সন্তোষজনকভাবে পূরণ করিতে ব্যর্থ হইলে শিপিং অফিস তাহার আবেদনপত্র নাকচ করিবে এবং সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে নাকচের কারণ অবহিত করিবে।

৯। আপীল।—বিধি ৮ এর অধীন আবেদনপত্র নাকচ করা হইলে আবেদনকারী উহা অবগত হওয়ার ৬০ দিনের (দুই মাস) মধ্যে বোর্ডের নিকট আপীল করিতে পারিবেন এবং এই ব্যাপারে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১০। রেজিষ্টার।—(১) নাবিক হিসাবে নিবন্ধন প্রাপ্ত ব্যক্তিদের প্রয়োজনীয় সকল বিবরণ সরকারী সমুদ্র পরিবহন অফিসে রক্ষিত রেজিষ্টারে লিপিবদ্ধ থাকিবে।

(২) রেজিষ্টারের ছক, বোর্ডের অনুমোদনক্রমে, শিপিং মাষ্টার কর্তৃক নির্ধারিত হইবে।

১১। নিবন্ধন নম্বর।—শিপিং মাষ্টার নিবন্ধন প্রাপ্ত প্রত্যেক নাবিকের জন্য সুনির্দিষ্ট নিবন্ধন নম্বর বরাদ্দ করিবেন এবং সংশ্লিষ্ট নাবিকের বরাবরে ইস্যুকৃত সকল সনদপত্রে উক্ত নম্বর উল্লেখ থাকিবে।

১২। নিবন্ধনের কার্যকারিতা।—কোন নাবিকের নাম একবার নিবন্ধিত হইলে বিধি ২২ এর বিধান মোতাবেক অথবা অন্য কোনভাবে বাতিল না হওয়া পর্যন্ত তাহার নাম সকল সময়ের জন্য নিবন্ধিত থাকিবে।

১৩। ধারাবাহিক নিবৃত্তি সনদ বই/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্ট (Continuous Discharge Certificate/Seamen Book/Seamen Document) ।—(১) সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত ফিস আদায় সাপেক্ষে এই বিধিমালার অধীন প্রত্যেক নাবিকের বরাবরে শিপিং মাষ্টার নির্ধারিত ছকে একটি ধারাবাহিক নিবৃত্তি সনদ বই/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্ট (Continuous Discharge Certificate/Seamen Book/Seamen Document) ইস্যু করিবেন।

(২) যদি কোন নাবিকের সিডিসি/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্ট ছিঁড়িয়া যায় অথবা নষ্ট হইয়া যায় অথবা হারাইয়া যায়, তাহা হইলে জিডি ও বহুল প্রচারিত জাতীয় পত্রিকায় প্রদত্ত বিজ্ঞপ্তির কপিসহ উক্ত নাবিকের আবেদনক্রমে সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত ফিস আদায় সাপেক্ষে তাহার বরাবরে, শিপিং মাষ্টার, বিষয়টি সম্পর্কে নিশ্চিত হইয়া পুনরায় একটি সিডিসি/সীম্যান বুক/সীম্যান ডকুমেন্ট ইস্যু করিবেন।

অংশ-৪ ঃ রোষ্টার

১৪। সাধারণ রোষ্টার।—(১) শিপিং অফিসে বোর্ড কর্তৃক নির্ধারিত একটি সাধারণ রোষ্টার রক্ষিত থাকিবে এবং নিবন্ধন প্রাপ্ত নাবিকগণ উক্ত রোষ্টারভুক্ত হইবেন।

(২) (বোর্ডের অনুমোদনক্রমে ) বিভিন্ন রেটিং এর নাবিকদের রোষ্টার পৃথকভাবে রক্ষিত হইবে।

১৫। কোম্পানী রোষ্টার।—(১) একটি জাহাজ কোম্পানী অথবা একাধিক জাহাজ কোম্পানীর সম্মিলিত গ্রুপ, অতঃপর গ্রুপ কোম্পানী নামে উল্লিখিত, এর আবেদনক্রমে, উক্ত জাহাজ কোম্পানী অথবা গ্রুপ কোম্পানীতে নিয়োগযোগ্য সকল শ্রেণীর নাবিকদের জন্য শিপিং অফিসে আলাদা রোষ্টার রাখা যাইবে অথবা, বোর্ডের অনুমোদনক্রমে, আলাদা রোষ্টার পরিচালনায় ইচ্ছুক কোন জাহাজ কোম্পানী অথবা গ্রুপ কোম্পানী নিজ অফিসে আলাদা রোষ্টার পরিচালনা করিতে পারিবে। এতদবিষয়ে সময় সময় সমুদ্র পরিবহন অধিদপ্তরের জারীকৃত পরিপত্র দ্বারা এ বিষয়টি পরিচালিত হইবে।

(২) নিজস্ব রোষ্টার পরিচালনার জন্য কোন জাহাজ কোম্পানীকে অথবা কতিপয় জাহাজ কোম্পানীর গ্রুপকে অন্ততঃপক্ষে ৫০ জন নাবিক নিয়োগ করিতে হইবে অথবা একই সময়ে কমপক্ষে তাহাদের ৪টি জাহাজের জন্য নাবিক নিয়োগ করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট নাবিক এবং কোম্পানীর রোষ্টার পরিচালনাকারীর সম্মতি ব্যতীত কোন নাবিকের নাম কোম্পানী রোষ্টারভুক্ত করা যাইবে না অথবা কোন নাবিকের নাম একই সঙ্গে একাধিক রোষ্টারভুক্ত করা যাইবে না।

(৪) কোন নাবিকের নাম একবার রোষ্টারভুক্ত হইলে সংশ্লিষ্ট নাবিক অথবা কোম্পানী রোষ্টার পরিচালনাকারীর অনুরোধক্রমে শিপিং মাষ্টার উক্ত নাবিকের রোষ্টারভুক্তি পরিবর্তনের অনুমোদন প্রদান করিতে পারিবেন, তবে অনিবার্য কারণ ব্যতীত বৎসরে একবারের অধিক রোষ্টার পরিবর্তনের আবেদন বিবেচনাযোগ্য হইবে না।

১৬। রোষ্টারের কার্যকারিতা।—কোন নাবিকের নাম একবার রোষ্টারভুক্ত হইলে বিধি ২৩ এর বিধান মোতাবেক অথবা অন্য কোনভাবে রোষ্টার তালিকা হইতে তাহার নাম বাদ দেওয়া না হইলে তাহার নাম উক্ত রোষ্টারভুক্ত থাকিবে।

১৭। জাহাজে নাবিক নিয়োগ।—(১) নাবিক নিয়োগে ইচ্ছুক জাহাজ মালিকগণ নাবিক নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের কমপক্ষে দশ দিন পূর্বে তাহাদের প্রয়োজনীয় চাহিদা এবং প্রার্থী নির্বাচনের তারিখ জানাইয়া শিপিং মাষ্টার বরাবরে পত্র প্রেরণ করিবেন, তবে জরুরী প্রয়োজনে শিপিং মাষ্টার এই শর্ত শিথিল করিতে পারিবেন। নাবিকদের কলকার্ড প্রাপ্তি নিশ্চিত করার জন্য শিপিং অফিস কলকার্ড রেজিষ্টার্ড ডাকে প্রেরণ করিবে।

(২) কোম্পানী রোষ্টার পরিচালনাকারীগণ নিজ দায়িত্বে তাহাদের রোষ্টারভুক্ত নাবিকগণকে বোর্ড কর্তৃক নির্ধারিত পালাক্রম নীতি অনুযায়ী অধ্যাদেশের ধারা ১১২ মোতাবেক চাকুরীতে চুক্তিবদ্ধ হওয়ার জন্য শিপিং মাষ্টারের কার্যালয়ে উপস্থিত হইতে অনুরোধ করিবে।

(৩) যদি শিপিং মাষ্টারের নিকট প্রতীয়মান হয় যে, কোন কোম্পানী রোষ্টার পরিচালনাকারী চাকুরীতে নিয়োগের নিমিত্ত নাবিকগণকে 'পালাক্রম নীতি' লংঘনক্রমে উপরোক্ত উপ-বিধি (২) এর অধীন উপস্থিত হইতে নির্দেশ দিয়াছেন তাহা হইলে তিনি সংশ্লিষ্ট রোষ্টার পরিচালনাকারীকে এর কারণ দর্শানোর নির্দেশ দিবেন। সংশ্লিষ্ট রোষ্টার পরিচালনাকারী কারণ দর্শাইতে ব্যর্থ হইলে অথবা যদি তাহার প্রদত্ত জবাব শিপিং মাষ্টার কর্তৃক যুক্তিযুক্ত বলিয়া বিবেচিত না হয় তাহা হইলে তিনি সংশ্লিষ্ট রোষ্টার পরিচালনাকারীকে 'পালাক্রম নীতি' অনুযায়ী পুনরায় নাবিকগণকে উপস্থিত করার নির্দেশ দিবেন। সংশ্লিষ্ট রোষ্টার পরিচালনাকারী উক্ত নির্দেশ পালনে ব্যর্থ হইলে শিপিং মাষ্টার, বোর্ডের অনুমোদনক্রমে, সংশ্লিষ্ট কোম্পানী রোষ্টার পরিচালনার অনুমোদন বাতিল করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (১) অনুযায়ী চাহিদাপত্র প্রাপ্তির পর শিপিং মাষ্টার রোষ্টার পালাক্রম নীতি মোতাবেক সাধারণ রোষ্টারভুক্ত নাবিকদের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক নাবিককে প্রার্থী নির্বাচনী তারিখে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করিবেন এবং যে সকল নাবিক প্রার্থী নির্বাচনী তারিখে নির্দিষ্ট স্থানে উপস্থিত হইবেন তাহাদেরকে পালাক্রম নীতি অনুযায়ী নিয়োগ করা হইবে, তবে চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে নিয়োগকারী জাহাজ মালিকের সিদ্ধান্ত অগ্রাধিকার পাইবে। শিপিং অফিস নাবিকদের প্রতিদিনের উপস্থিতির তালিকা সংক্রান্ত রেজিষ্টার সংরক্ষণ করিবে। এই তালিকা শিপিং মাষ্টারের তত্ত্বাবধানে সংরক্ষিত হইবে।

(৫) যদি কোন নাবিক উপ-বিধি (৪) অনুসারে, উপযুক্ত কারণ ব্যতীত, প্রার্থী নির্বাচনী তারিখে নির্দিষ্ট স্থানে উপস্থিত না হন অথবা পালাক্রম নীতি অনুযায়ী চাকুরীতে নিয়োগের প্রস্তাব গ্রহণে অস্বীকৃতি জানান তাহা হইলে উক্ত নাবিকের নাম ১ম বারে রোস্টারের ১৫% নিম্নে, ২য় বার অনুরূপ জারী করার পর নির্বাচনী তারিখে উপস্থিত না হইলে বা পালাক্রম নীতি অনুযায়ী চাকুরীতে নিয়োগের প্রস্তাব গ্রহণে অস্বীকৃতি জানাইলে রোস্টারের ৫০% নিম্নে এবং ৩য় বার উক্ত নাবিক একই ঘটনার পুনরাবৃত্তি ঘটাইলে তাহার নাম রোস্টারের সর্বনিম্নে চলিয়া যাইবে।

(৬) কোন জাহাজ বন্দর ত্যাগ করার চব্বিশ ঘন্টার মধ্যে শিপিং মাষ্টারের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কোন নাবিকের মৃত্যু, পলায়ন অথবা অন্য কোন কারণে উক্ত নাবিকের পদ শূন্য এবং তদস্থলে বদলী নাবিক নিয়োগের প্রয়োজন হইলে উক্ত নিয়োগ শিপিং মাষ্টারের মাধ্যমে করিতে হইবে। তবে কোন কারণে তাহা সম্ভব না হইলে জাহাজ মালিক তাহার ইচ্ছানুযায়ী বদলী নাবিক নিয়োগ করিতে পারিবেন, কিন্তু জাহাজ মালিককে অনুরূপ নিয়োগ প্রাপ্ত নাবিকের পূর্ণ বিবরণ শিপিং মাষ্টার এর নিকট নিয়োগের পনের দিনের মধ্যে প্রেরণ করিতে হইবে।

## অংশ-৫ ঃ বিবিধ

১৮। চাকুরীচ্যুত নাবিকের নিয়োগ।—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন নাবিক বিনা অপরাধে চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই চাকুরীচ্যুত হইলে শিপিং মাষ্টার, বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত নীতি মোতাবেক, উক্ত নাবিককে অগ্রাধিকারের ভিত্তিতে চাকুরীতে নিয়োগের সুযোগ প্রদান করিতে পারিবেন।

১৯। নিয়োগ লাভে ব্যর্থতা।—জাহাজ মালিকের বরাবরে নাবিক হিসাবে নিয়োগের জন্য তিন বার নাম পেশ করা সত্ত্বেও যে ব্যক্তি নাবিক হিসাবে নিয়োগ লাভে ব্যর্থ হইবে, তাহার নাম রোস্টারভুক্ত রাখার বিষয়, বোর্ড কর্তৃক নির্ধারিত নীতিমালার আলোকে, সময় সময় পুণর্মূল্যায়ন করা হইবে।

২০। পদোন্নতি।—(১) বোর্ড কর্তৃক নির্ধারিত নীতিমালার ভিত্তিতে নাবিকগণ পদোন্নতি লাভের যোগ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নীতিমালা, পেশাগত যোগ্যতা ও জাহাজে চাকুরীকালীন সময়ে মাষ্টার বা চীফ ইঞ্জিনিয়ার কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের ভিত্তিতে শিপিং মাষ্টার নাবিকগণকে পদোন্নতি দিতে পারিবেন।

(৩) সমুদ্রে কোন জাহাজ চলাচলরত অবস্থায় উহার মাষ্টার তাঁহার অধীনে কর্মরত নাবিকদিগকে পদোন্নতি দিতে পারিবেন, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হিসাবে গণ্য হইবে।

২১। জাহাজে তল্লাশীকরণ।—(১) এই বিধিমালার বিধানাবলী লংঘনপূর্বক কোন জাহাজে নাবিক নিয়োগ করা হইলে অথবা অবৈধভাবে কোন জাহাজে নাবিক নিয়োগ করা হইয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গেলে শিপিং মাষ্টার অথবা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যে কোন সময় উক্ত জাহাজে আরোহণ করিয়া উহাতে কর্মরত নাবিকদিগকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৩) নাবিকদের কল্যাণ সংক্রান্ত বিষয়ে, যথা নিয়মিত বেতন-ভাতা প্রদান, বাসস্থান, খাবার ও পানীয় সরবরাহ, চিকিৎসা সুবিধা, স্বাস্থ্য সুবিধাদি ও অন্যান্য বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে শিপিং মাস্টার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে কোন সময় উক্ত জাহাজে আরোহণ করিয়া জাহাজের নাবিক ও মাস্টারকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

২২। নিবন্ধন বাতিল।—(১) শিপিং মাস্টার কোন নাবিকের নিবন্ধন বাতিল করিতে পারিবেন, যদি তিনি—

(ক) অবসর গ্রহণের জন্য বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বয়সসীমায় উপনীত হন; অথবা

(খ) চিকিৎসা কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট দায়িত্ব পালনে অনুপযুক্ত বিবেচিত হন; অথবা

(গ) ভূয়া সনদপত্র ব্যবহার বা ব্যবহারের প্রচেষ্টা অথবা সমুদ্র পরিবহন অফিসে নাম নিবন্ধন বা উক্ত অফিসের মাধ্যমে চাকুরী প্রাপ্তির উদ্দেশ্যে মিথ্যা বিবৃতি প্রদান করেন এবং অভিযোগ প্রমাণিত হয়; অথবা

(ঘ) সিডিসি'র প্রতারণামূলক ব্যবহার বা ব্যবহারের চেষ্টা করেন এবং এরূপ অভিযোগ প্রমাণিত হয়।

(২) কোন নাবিকের বিরুদ্ধে সংশ্লিষ্ট জাহাজের মাস্টারের নিকট হইতে নিম্নবর্ণিত যে কোন অপরাধে দোষী প্রমাণিত হওয়ার প্রতিবেদন পাওয়া গেলে শিপিং মাস্টার উক্ত নাবিকের নিবন্ধন বাতিল করিতে পারিবেন অথবা (শর্ত সাপেক্ষে) নিবন্ধন সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবেন এবং পরবর্তীতে এ বিষয়ে মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তরকে অবহিত করিবেন ঃ

(ক) অদক্ষতা ;

(খ) অসদাচরণ ;

(গ) উচ্ছৃংখলতা;

(ঘ) মাদকাসক্তি (Drug addiction, Alcoholism);

(ঙ) অনৈতিক ও অসামাজিক আচরণ;

(চ) পলায়ন বা পলায়নের চেষ্টা করা ;

(ছ) চোরাচালান অথবা চৌর্যবৃত্তি করা ;

(জ) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত নির্দেশ অমান্য করা ;

(ঝ) উৎকোচ প্রদান বা গ্রহণ করা।

২৩। রোষ্টার হইতে নাম কর্তন, ইত্যাদি।—(১) কোন নাবিক সমুদ্রগামী জাহাজে নিয়োজিত হইয়া যখন চুক্তিতে আবদ্ধ থাকিবেন তখন রোষ্টার হইতে তাহার নাম বাদ দেওয়া হইবে এবং পরবর্তীতে যখন তিনি উক্ত চুক্তি হইতে নিষ্কৃতি লাভ করিবেন তখন তাহার নাম নিষ্কৃতির তারিখ হইতে সংশ্লিষ্ট রোষ্টারের সর্বনিম্নে পুনর্বহাল করা হইবে।

(২) বিধি ২২ এর বিধান মোতাবেক কোন নাবিকের নিবন্ধন বাতিল করা হইলে তাহার নাম সংশ্লিষ্ট রোষ্টার হইতে বাদ দেওয়া হইবে এবং তাহা বাংলাদেশে অবস্থিত সকল শিপিং এজেন্ট এবং মহাপরিচালককে অবহিত করা হইবে।

(৩) বিধি ২২ এর বিধান মোতাবেক কোন নাবিকের নিবন্ধন সাময়িকভাবে স্থগিত করা হইলে স্থগিত মেয়াদ শেষ হওয়ার পর তাহার নাম রোষ্টারের সর্বনিম্নে পুনর্বহাল করা হইবে।

২৪। আপীল।—বিধি ২২ এর অধীন কোন নাবিকের নিবন্ধন বাতিল বা সাময়িকভাবে স্থগিত করা হইলে সংশ্লিষ্ট আদেশ উক্ত নাবিকের নিকট রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণ করা হইবে। এই আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ নাবিক কর্তৃক ৯০ (নব্বই) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট আপীল দায়ের করা যাইবে। আদেশ জারীর দিনের ৭(সাত) দিন পর হইতে ৯০ দিন গণনা করা হইবে। আপীলের বিষয়ে মহাপরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৫। রহিতকরণ ও হেফাজত।—(১) Merchant Shipping (Seamen's Employment) Rules, 1961 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত Rules এর অধীন ইতোপূর্বে নিবন্ধন প্রাপ্ত নাবিকগণ এই বিধিমালার অধীনে নিবন্ধন প্রাপ্ত বলিয়া গণ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়সল আহমদ চৌধুরী
সচিব।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।